

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাণিজ্য মন্ত্রণালয়
জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর
জেলা কার্যালয়ের অফিস
জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ

নম্বর ২৬.০৪.৪৪০০.৭০৬.১৭.০১৮.২২.৩৪৫

তারিখ: ৬ আশ্বিন ১৪২৯

২১ সেপ্টেম্বর ২০২২

প্রেস বিজ্ঞপ্তি

বিষয়: ২১ সেপ্টেম্বর ২০২২ তারিখে জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, ঝিনাইদহ জেলা কার্যালয়ের বাজার তদারকির তথ্য।

কোটচাঁদপুর উপজেলায় ০২ টি প্রতিষ্ঠানকে ০৪ হাজার টাকা জরিমানা

বাণিজ্য মন্ত্রণালয়ধীন জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তরের ঝিনাইদহ জেলা কার্যালয়ের সহকারী পরিচালক জনাব মোহাম্মদ জিয়াউল হক এর নেতৃত্বে কোটচাঁদপুর উপজেলার কোটচাঁদপুর বাজারে তদারকি করা হয়। এসময় নোংরা ও অস্বাস্থ্যকর পরিবেশে খাদ্য পণ্য প্রস্তুত ও বিক্রয় করার অপরাধে অশোক হোটেল কে ২০০০/- (দুই হাজার) টাকা এবং প্যাকেটজাতকৃত শিশু খাদ্য পণ্যের মোড়কে মেয়াদ ও অন্যান্য তথ্য উল্লেখ না করার অপরাধে হাবিব ট্রেডার্স কে ২০০০/- (দুই হাজার) টাকাসহ মোট ৪০০০/- (চার হাজার) টাকা প্রশাসনিক ব্যবস্থা হিসেবে জরিমানা আরোপ ও আদায় করা হয়। পাশাপাশি, উপস্থিত ভোক্তাদের নিকট লিফলেট ও প্যাম্পলেট বিতরণ করা হয় এবং উপস্থিত জনগণকে ভোক্তা-অধিকার সম্পর্কে সচেতন করা হয়।

আজকের বাজার তদারকিকালে ১০ টি প্রতিষ্ঠান পরিদর্শন করা হয়। বাজার তদারকিতে সার্বিক সহযোগিতা প্রদান করেন জনাব আমিনুর রহমান টুকু, সভাপতি, ক্যাব, ঝিনাইদহ। আইন-শৃঙ্খলা রক্ষার দায়িত্বে নিয়োজিত ছিলেন কোটচাঁদপুর থানা পুলিশের একটি টিম। জনস্বার্থে এ অভিযান চলমান থাকবে।

২১-৯-২০২২

মোহাম্মদ জিয়াউল হক

সহকারী পরিচালক

ফোন: ০২৪৭৭৭৪৬৬৫০

ইমেইল: ad-

jhenaidah@dncrp.gov.bd

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা ম্যাজিস্ট্রেট, জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ২) অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট, (এডিএম), জেলা প্রশাসকের কার্যালয়, ঝিনাইদহ।
- ৩) উপপরিচালক, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর, খুলনা বিভাগীয় কার্যালয়।

- ৪) উপজেলা নির্বাহী অফিসার, উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, কোটচাঁদপুর, ঝিনাইদহ।
- ৫) ব্যক্তিগত সহকারী, মহাপরিচালকের দপ্তর, জাতীয় ভোক্তা-অধিকার সংরক্ষণ অধিদপ্তর (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ৬) সম্পাদক/বার্তা সম্পাদক,, ঝিনাইদহ (আপনার বহুল প্রচারিত দৈনিকে প্রচারের অনুরোধ করা হলো।
- ৭) অফিস কপি।